

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইট : www.techedu.gov.bd
ই-মেইল : dteadvoc@gmail.com

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪০.১৮.০৭৭.৪০০.১৭. ৩৮৯

তারিখ : ২৭/০২/২০১৭ খ্রিঃ

বিষয় : “এসএসসি ও এইচএইসি (ভোকেশনাল) কোর্স প্রবর্তনের লক্ষ্যে ১৩টি ভিটিআই স্থাপন (যেখানে কোন ভিটিআই বা টিটিসি নাই) এবং বিদ্যমান ৫১টি ভিটিআই সমূহের সংস্কার ও উন্নয়ন”-শীর্ষক প্রকল্প হতে রাজস্ব খাতে স্থানান্তরিত পদধারী কর্মকর্তা-শিক্ষকদের অবসর উত্তর ছুটি/ অবসর গ্রহণে বয়স উত্তীর্ণ/ মৃত্যুবরণ করলে (প্রযোজ্য ক্ষেত্রে) তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “এসএসসি ও এইচএইসি (ভোকেশনাল) কোর্স প্রবর্তনের লক্ষ্যে ১৩টি ভিটিআই স্থাপন (যেখানে কোন ভিটিআই বা টিটিসি নাই) এবং বিদ্যমান ৫১টি ভিটিআই সমূহের সংস্কার ও উন্নয়ন”-শীর্ষক প্রকল্পের জনবল গত ০৭/০৫/২০১৫ খ্রিঃ ও ১৩/০৫/২০১৫ খ্রিঃ তারিখে অস্থায়ী রাজস্ব খাতে স্থানান্তরিত হয়। তাদের নিয়মিত করণ কার্যক্রম চলমান। উন্নয়ন প্রকল্প হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের পদধারীদের নিয়মিত করণ ও জেষ্ঠ্যতা নির্ধারণ বিধিমালা, ২০০৫ এর ৪(২) ধারায় “রাজস্ব বাজেটের পদে সাময়িকভাবে পদস্থ কোন কর্মকর্তা বা কর্মচারী অবসর উত্তর ছুটিতে থাকিলে অথবা অবসর গ্রহণের বয়স উত্তীর্ণ হইলে অথবা মৃত্যুবরণ করিলে তাহাকে ভূতাপেক্ষভাবে ক্ষেত্রমত, অবসর উত্তর ছুটি বা বয়স উত্তীর্ণ বা মৃত্যুবরণের তারিখের পূর্ব তারিখে কার্যকরতা প্রদান করিয়া নিয়মিত করা যাইবে। তবে শর্ত থাকে যে, এইরূপ ক্ষেত্রে সংশ্লিষ্ট ব্যক্তি ছুটিতে যাইবার বা বয়স উত্তীর্ণ হইবার বা মৃত্যুবরণের পূর্বের চাকুরী সন্তোষজনক হইতে হইবে।” উল্লেখ রয়েছে।

- ২। এমতাবস্থায়, আপনার প্রতিষ্ঠানে যদি কোন কর্মকর্তা ও শিক্ষক অবসর উত্তর ছুটি/ অবসর গ্রহণে বয়স উত্তীর্ণ/ মৃত্যুবরণ করলে (প্রযোজ্য ক্ষেত্রে) তার তথ্য আগামী ০৫/০৩/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে তার স্ব-পদে যোগদানকালীন সকল তথ্য বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্ধারিত ১৪ কলাম বিশিষ্ট) (কপি সংযুক্ত) সঠিকভাবে (শিক্ষাগত যোগ্যতা ইন-সার্ভিস হলে অনুমতি পত্রের প্রমানক সহ) বাংলায় Bijoy সফটওয়্যারের SutonnyMJ এর ১০ ফন্ট সাইজে Microsoft Excel এ পূরণ করে (কোন কলাম মোছা/পরিবর্তন/সংযোজন করা যাবে না) এবং CD-তে রাইট করে সিডিসহ Soft Copy ও হার্ডকপি অত্র অধিদপ্তরের ভোকেশনাল শাখায় সরাসরি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৩। বিষয়টি অতীব জরুরী।

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

- প্রাপক : ক) অধ্যক্ষ
ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট
বগুড়া।
- খ) অধ্যক্ষ
টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- গ) আঞ্চলিক পরিদর্শক
টেকনিক্যাল স্কুল ও কলেজ সমূহ
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা বিভাগ।
- ঘ) ইকুইপমেন্ট অফিসার
সেন্ট্রাল স্টোর-কাম-সার্ভিস ওয়ার্কসপ
পাঠানটুলী, নারায়নগঞ্জ।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

ছক/প্রার্থনা (নিয়মিতকরণের জন্য)

উন্নয়ন প্রকল্প থেকে রাজস্ব বাজেটের স্থানান্তরিত পদার্থীদের নিয়মিতকরণ ও জ্যেষ্ঠতা নির্ধারণ বিধিমালা-২০০৫ অনুযায়ী রাজস্ব বাজেটের পদে সাময়িক ভাবে শ্রেণী ভিত্তিক পদায়িত কর্মকর্তা/শিক্ষকদের চাকুরি নিয়মিত করণের জন্য প্রয়োজনীয় তথ্য বিবরণ।
মন্ত্রণালয়/বিভাগ/পস্থলের নাম

প্রকল্পের নাম
সমাপ্ত প্রকল্প।
প্রস্তরের তারিখ


প্রকল্পের মেয়াদকাল
প্রকল্প রাজস্ববাজেটে স্থানান্তরের তারিখ

ঃ কারিগরি শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
ঃ “এসএসসি ও এইচএসসি (ভোকেশনাল) কোর্স প্রবর্তনের লক্ষে ১৩টি নতুন ভিটিআই স্থাপন (যেখানে কোন ভিটিআই বা টিটিসি নাই) এবং বিদ্যমান ৫১টি ভিটিআই সমূহের সংস্কার ও উন্নয়ন”
ঃ ০১/০৭/১৯৯৬ হইতে ৩০শে জুন ২০০৪ পর্যন্ত।
ঃ ১লা জুলাই ২০০৪ইং।

১ম ও ২য় শ্রেণী :

ক্র নং	কর্মকর্তার নাম, পদবী ও জনা তারিখ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)	শিক্ষাপত যোগ্যতা (অর্জনের সালসহ)	নিয়োগ বিজ্ঞপ্তি অনুসারে ন্যূনতম শিক্ষাপত যোগ্যতা ও অভিজ্ঞতা	নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	নিয়োগকালে নির্বাচন/বাই কমিটির মাধ্যমে যথার্থ ভাবে নিয়োগ প্রাপ্ত কিনা	প্রকল্পের পদে নিয়োগ ও যোগদানের তারিখ	নিয়োগ বিজ্ঞপ্তির যে তারিখে প্রার্থীর বয়স চূড়ান্ত হয়েছিল এবং যে বয়স চূড়ান্ত হয়েছিল।	রাজস্বভুক্ত পদে অস্থায়ী ভাবে পদায়ন ও যোগদানের তারিখ	সর্বশেষ পদ সংরক্ষণের মেয়াদ (তারিখ উল্লেখপূর্বক)	প্রকল্প রাজস্ব বাজেট স্থানান্তরে জনপ্রাপ্ত প্রাপ্তির তারিখ	প্রকল্প রাজস্ব বাজেটে স্থানান্তরে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের সম্মতি প্রাপ্তির তারিখ	প্রকল্পের চাকুরি এবং রাজস্ব খাতের চাকুরীর মাধ্যমে ধারাবাহিকতা আছে কিনা	এপিআর এর ভিত্তিতে চাকুরী সংরক্ষণকর কিনা
০১	০২	০৩	০৪	০৫	০৬	০৭	০৮	০৯	১০	১১	১২	১৩	১৪





অধ্যক্ষ

টেকনিক্যাল স্কুল ও কলেজ